বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০১৩.৪০.০০২.২৪(অংশ-১)-১৩৮

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৭ মে ২০২৪

**বিষয়: ষষ্ঠ উপজেলা পরিষদের ৩য় ধাপে ২৯ মে ২০২৪ তারিখে অনুষ্ঠেয় চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলা পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী এর প্রার্থিতা বাতিল প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ষষ্ঠ উপজেলা পরিষদের ৩য় ধাপে ২৯ মে ২০২৪ তারিখে অনুষ্ঠেয় চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলা পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ এর বিধান লঙ্ঘন করেছেন বিধায় উক্ত বিধিমালার বিধি ৩৩ এর বিধান অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন ২৬ মে ২০২৪ তারিখে শুনানিঅন্তে চেয়ারম্যান পদপ্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী এর প্রার্থিতা বাতিল করেছেন (আদেশের কপি সংযুক্ত)।

০২। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

২৭/০৫/২০২৪

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

১। অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। উপজেলা নির্বাচন অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০১৩.৪০.০০২.২৪(অংশ-১)-১৩৮

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৭ মে ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম
৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৬. জেলা প্রশাসক, চট্টগ্রাম ও আপিল কর্তৃপক্ষ
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
৮. পুলিশ সুপার, চট্টগ্রাম
৯. উপসচিব, নির্বাচন পরিচালনা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ব্যালট পেপার মুদ্রণসহ অন্যান্য প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণের জন্য)
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম
১১. উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম
১২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৫. অফিসার ইন চার্জ, চন্দনাইশ থানা, চট্টগ্রাম

২৭/৫/২০২৪

**(মোহাম্মদ শাহজালাল)**
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

G:\Letter_emc2.doc

# বাংলাদেশ নির্বাচন কমিশন
# নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

নির্বাচন কমিশন

**বনাম**

জনাব আবু আহমেদ চৌধুরী.........................................প্রতিপক্ষ

**শুনানির তারিখ: ২৬ মে ২০২৪**
**সিদ্ধান্ত প্রদানের তারিখ: ২৬ মে ২০২৪**

**উপস্থিত :**

কাজী হাবিবুল আউয়াল, প্রধান নির্বাচন কমিশনার
ব্রিগেডিয়ার জেনারেল মো: আহসান হাবিব খান (অব:), নির্বাচন কমিশনার
জনাব মোঃ আলমগীর, নির্বাচন কমিশনার
জনাব মোঃ আনিছুর রহমান, নির্বাচন কমিশনার

# আদেশ

ষষ্ঠ উপজেলা পরিষদের ৩য় ধাপে অনুষ্ঠেয় চট্রগ্রাম জেলার চন্দ্রনাইশ উপজেলা পরিষদের নির্বাচনে ১৩ মে ২০২৪ তারিখ নির্বাচনের প্রতীক বরাদ্দ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী ঐদিন আনুমানিক দুপুর ১.৪০ ঘটিকায় চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী অপর প্রার্থী জনাব আলহাজ্ব জসীম উদ্দীনের প্রতিনিধি জনাব মোঃ মোরশেদুল আলম এর সাথে বাক-বিতন্ডা শুরু করেন এবং ঘটনাস্থলে উচ্চস্বরে " একশত ব্যক্তির লাশ ফেলে দেব এবং নির্বাচনের সময় দেখে নেয়া হবে" মর্মে হুমকি প্রদান করে উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ এর বিধান লঙ্ঘন করায় চেয়ারম্যান প্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী -এর প্রার্থিতা কেন বাতিল করা হবে না সে বিষয়ে ২৬/০৫/২০২৪ তারিখে তাঁকে হাজির হয়ে ব্যাখ্যা প্রদানের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশ প্রাপ্ত হয়ে তিনি ২৬/০৫/২০২৪ তারিখে নির্বাচন কমিশনে উপস্থিত হয়ে তাঁর বক্তব্য উপস্থাপন করেন।

**<u>বিচার্য বিষয়:</u>**

চট্রগ্রাম জেলার চন্দ্রনাইশ উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী এর প্রার্থিতা উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ এর বিধান লঙ্ঘনের দায়ে উক্ত বিধিমালার বিধি ৩৩ এর বিধান অনুযায়ী বাতিল করা যাবে কি না?

**<u>আলোচনা ও সিদ্ধান্ত:</u>**

ষষ্ঠ উপজেলা পরিষদের ৩য় ধাপে অনুষ্ঠেয় চট্রগ্রাম জেলার চন্দ্রনাইশ উপজেলা পরিষদের নির্বাচনে ১৩ মে ২০২৪ তারিখ নির্বাচনের প্রতীক বরাদ্দ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী আনারস প্রতীকের সমর্থনে ঐদিন আনুমানিক দুপুর ১.৪০ ঘটিকায় মোটর সাইকেল প্রতীকের চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব আলহাজ্ব জসীম উদ্দীনের প্রতিনিধি জনাব মোঃ মোরশেদুল আলম এর সাথে বাক-বিতন্ডা শুরু করেন এবং ঘটনাস্থলে উচ্চস্বরে "একশত ব্যক্তির লাশ ফেলে দেব এবং নির্বাচনের সময় দেখে নেয়া হবে" মর্মে হুমকি প্রদান করে উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ লঙ্ঘন করেছেন। বর্ণিত ঘটনাসমূহ গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারিত ও প্রকাশিত হয়েছে।

শুনানিকালে নির্বাচন কমিশনে অভিযুক্ত প্রার্থী লিখিত ও মৌখিক বক্তব্য উপস্থাপন করেন। তিনি শুনানিকালে জানান যে, ১৩/০৫/২০২৪ তারিখে তার বিরুদ্ধে আনীত অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট এবং তিনি বা তার কোন প্রতিনিধি প্রতীক বরাদ্দের দিন কাউকে কোনরুপ হুমকি প্রদান করেনি ও উল্লিখিত তারিখ, সময় ও স্থানে তিনি জসিম উদ্দিন আহমেদ বা তাঁর কোন প্রতিনিধিকে দেখেননি। নির্বাচন কমিশন হতে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে অভিযুক্ত প্রার্থী তার কারণ দর্শানোর জবাব যথাযথভাবে প্রদান না করে অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করেছেন।

অভিযুক্ত প্রার্থীর বিজ্ঞ আইনজীবী কর্তৃক উপস্থাপিত বক্তব্য, সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার কর্তৃক প্রেরিত প্রতিবেদন ও গণমাধ্যমে প্রকাশিত বক্তব্য পর্যালোচনায় দেখা যায় বর্ণিত প্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী শুনানীকালে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন। বর্ণিত প্রার্থী উপজেলা (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ এর বিধান লঙ্ঘন করেছেন যা একটি সুষ্ঠু সুন্দর, নিরপেক্ষ ও অবাধ নির্বাচন পরিচালনার জন্য অন্তরায়।

সার্বিক পর্যালোচনায়, মাননীয় নির্বাচন কমিশনের নিকট প্রতীয়মান হয় যে, বর্ণিত চেয়ারম্যান পদপ্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী মোটর সাইকেল প্রতীকের প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব আলহাজ্ব জসীম উদ্দীনের প্রতিনিধি জনাব মোঃ মোরশেদুল আলম-কে হুমকি প্রদান করে উপজেলা (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ এর বিধান লঙ্ঘন করেছেন এবং তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান হওয়ার অযোগ্য মর্মে বিবেচিত হয়েছেন।

অতএব,

আদেশ হয় যে,

চট্টগ্রাম জেলার চন্দ্রনাইশ উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী জনাব আবু আহমেদ চৌধুরী উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৮ এর বিধান লঙ্ঘন করেছেন বিধায় উক্ত বিধিমালার বিধি ৩৩ এর বিধান অনুযায়ী বর্ণিত নির্বাচনে তাঁর প্রার্থিতা বাতিল করা হলো। জ্ঞাতার্থে ও কার্যার্থে সত্বর এই আদেশের কপি সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করা হোক।

২৮.৫.২০২৪
(মোঃ আনিছুর রহমান)
নির্বাচন কমিশনার

২৮.৫.২০২৪
(মোঃ আলমগীর)
নির্বাচন কমিশনার

২৮.৫.২৪
(ব্রিগেডিয়ার জেনারেল মো: আহসান হাবিব খান অব:)
নির্বাচন কমিশনার

২৮/৫/২৪
(কাজী হাবিবুল আউয়াল)
প্রধান নির্বাচন কমিশনার